

AP-1  
০৩/১১/২০১৬

## বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

### ইনোভেশন টীম-এর সভার কার্যবিবরণী

স্থান : পরিচালক (এলটিএ)-এর অফিস কক্ষ  
তারিখ : ২৬/১১/২০১৬  
সময় : সকাল-১৪:৩০ ঘটিকা  
সভাপতি: জনাব মোঃ জাকির হোসেন, পরিচালক (এলটিএ), বিপিএটিসি, সাভার, ঢাকা।

সভায় ইনোভেশন টীমের নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

- ক) জনাব মোহাম্মদ রাজিবুল ইসলাম, উপ-পরিচালক ও সদস্য
- খ) জনাব মেহেদী মাসুদ পিএইচডি, উপ-পরিচালক ও সদস্য
- গ) জনাব মোঃ তানজীর হাসিব সরকার, মূল্যায়ন কর্মকর্তা ও সদস্য
- ঘ) জনাব আব্দুল্লাহ আল মামুন, উপ-পরিচালক ও সদস্য সচিব

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিগত বছরের ইনোভেশন টীমের গৃহীত সিদ্ধান্ত ও কর্মপরিকল্পনা পর্যালোচনা করে জানা যায় যে বিগত বছরের অধিকাংশ কর্মপরিকল্পনা ও উদ্যোগ বাস্তবায়নান্বিত। সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। কেন্দ্রের ইনোভেশন টীমের ০৩.১১.২০১৬ তারিখের মিটিং-এর সিদ্ধান্ত পর্যালোচনা-

ক্র. নং	বিষয়	পর্যালোচনা এবং সিদ্ধান্ত	মন্তব্য/ সিদ্ধান্ত
ক)	ইলেক্ট্রনিক অ্যাটেন্ড্যান্স সিস্টেম	ইতোমধ্যে ৬০% কাজ সম্পন্ন হলেও অনিবার্য কারণবশত মনিটরিং এবং প্রক্সিমিটি কার্ডের কাজ শেষ হয় নাই।	ফেব্রুয়ারী ২০১৭ সাল নাগাদ শেষ করতে হবে। বাস্তবায়ন: উপ-পরিচালক (প্রশাসন)
খ)	ইনোভেশন কর্মশালা হতে প্রাপ্ত আইডিয়া বাস্তবায়ন।	কর্মশালা হতে প্রাপ্ত আইডিয়াসমূহ বাস্তবায়নান্বিত।	বাস্তবায়ন: সংশ্লিষ্ট উদ্ভাবক দল এবং আহ্বায়ক ও সদস্য সচিব (ইনোভেশন টীম)
গ)	ইন্টারঅ্যাকটিভ ওয়েবসাইট এবং বিপিএটিসি-এর ফেইসবুক পেজ	ইতোমধ্যে ওয়েবসাইট ইন্টারঅ্যাকটিভ করার লক্ষ্যে অনুষদ সদস্যবৃন্দের কাছে পরামর্শ চাওয়া হয়েছে। গৃহীত পরামর্শ মোতাবেক কাজ চলছে। ফেব্রুয়ারি ২০১৭ এর মধ্যে চালু হবে।	ইতোমধ্যে ফেসবুক গ্রুপ চালু হয়েছে এবং বিপিএটিসি-এর সকল অনুষদ সদস্যকে গ্রুপে যোগদান করার অনুরোধ করে ইমেইল, বার্তা পাঠানো হয়েছে। বাস্তবায়ন: সিস্টেম অ্যানালিস্ট (চলতি দায়িত্ব)/ প্রোগ্রামার
ঘ)	পিএমআইএস ট্রেনিং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রশিক্ষণে অন্তর্ভুক্তি	ইতোমধ্যে প্রশিক্ষণ শুরু হয়েছে।	বাস্তবায়ন: সিস্টেম অ্যানালিস্ট (চলতি দায়িত্ব) ও উপ-পরিচালক (পিপিআর)
ঙ)	প্রশিক্ষণ ফলাফল পিডিএফ আকারে ওয়েবসাইটে প্রকাশ	কাজ সম্পন্ন হয়েছে এবং ৬২তম বুনীয়াদি প্রশিক্ষণ কোর্সের ফলাফল ওয়েবসাইটে প্রকাশ করার মাধ্যমে বাস্তবায়ন সূচনা হবে।	বাস্তবায়ন: পরিচালক (মূল্যায়ন)




ক্র. নং	বিষয়	পর্যালোচনা এবং সিদ্ধান্ত	মন্তব্য/ সিদ্ধান্ত
চ)	আরপিএটিসিসমূহের প্রশিক্ষণার্থীদের অনলাইন নিবন্ধন	৬০ শতাংশ কাজ সম্পন্ন।	জুন ২০১৭ নাগাদ পুরোপুরি বাস্তবায়ন হবে। বাস্তবায়ন: সিস্টেম অ্যানালিস্ট (চলতি দায়িত্ব)/ প্রোগ্রামার ও সকল উপ-পরিচালক, আরপিএটিসি, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী এবং খুলনা এবং উপ-পরিচালক (আরসি)
ছ)	ডিজিটাল আর্কাইভ	৪০ শতাংশ কাজ সম্পন্ন হয়েছে। টেকনিক্যাল অংশের কাজ সমাপ্ত হলেও আর্কাইভে পাবলিশড ডকুমেন্টস বই আপলোড করা চলমান একটি প্রক্রিয়া।	বাস্তবায়ন: পরিচালক (এলটিএ)/গ্রন্থাগারিক
জ)	সিটিজেন চার্টার হালনাগাদকরণ	কাজ চলমান আছে।	বাস্তবায়ন: পরিচালক (প্রশাসন) ও উপ-পরিচালক (প্রশাসন)

২. কর্মপরিকল্পনা ২০১৭: কেন্দ্রের ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা ২০১৭ প্রণয়নের জন্য কেন্দ্রের সকল অনুষদের অংশগ্রহণকল্পে ইনোভেশন আইডিয়া প্রদানের আহবান জানিয়ে একটি পত্র প্রেরণ করা হবে। অনুষদ সদস্যদের নিকট হতে উত্তাবন আইডিয়া পাওয়ার পর কেন্দ্রের ইনোভেশন সংক্রান্ত ২০১৭ সালের কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে।

বাস্তবায়নে: ইনোভেশন টিম।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
 মোঃ জাকির হোসেন  
 পরিচালক (এলটিএ) ও  
 ইনোভেশন অফিসার  
 ইনোভেশন টিম  
 e-mail: [dirtla@bpatc.org.bd](mailto:dirtla@bpatc.org.bd)

নং- ০৫.০১.২৬৭২.০৪১.২৫.০০১.১৬-১৪৬

তারিখ: ০৫/০১/২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। সকল এমডিএস, বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ২। সকল পরিচালক, বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৩। উপ-পরিচালক (প্রশাসন, আরসি), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (আরপিএটিসি, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী এবং খুলনা)।
- ৫। সকল সদস্য ইনোভেশন টিম, বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, বিপিএটিসি, সাভার, ঢাকা (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। পিএস টু রেকর্ড (রেকর্ড মহোদয়ের সদয় অবগতির জন্য), বিপিএটিসি, সাভার, ঢাকা।
- ৮। অফিস কপি।

  
 আব্দুল্লাহ আল মামুন  
 ০৫/০১/২০১৭  
 উপ-পরিচালক ও  
 সদস্য সচিব ইনোভেশন টিম